# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

www.bmeb.gov.bd

স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৬.৩৩.০০১.১৯-১৪৫১ তারিখঃ ১৫/০৫/২০১৯ খ্রিঃ

## ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে (আলিম) ভর্তির আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৬.৯১-শিক্ষা, তারিখ: ২১ এপ্রিল, ২০১৯ খ্রিঃ স্মারকের মাধ্যমে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা- ২০১৯ জারি করা হয়েছে। উক্ত নীতিমালার আলোকে "বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি" কর্তৃক **"একাদশ শ্রেণিতে ভর্তি নির্দেশিকা"** প্রণয়ন করা হয়েছে, যা সকল শিক্ষা বোর্ডের জন্য সমভাবে প্রযোজ্য। (নীতিমালা ও ভর্তি নির্দেশিকা বোর্ডের website www.bmeb.gov.bd তে দেয়া আছে)। Online এ আবেদনের জন্য ওয়েব এর ঠিকানা; www.xiclassadmission.gov.bd

## সাধারণ নির্দেশনাঃ

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল মাদ্রাসায় একাদশ শ্রেণিতে ভর্তির জন্য ইন্টারনেট অথবা মোবাইল SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।
- ১২ মে হতে ২৩ মে, ২০১৯ তারিখের মধ্যে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য ইন্টারনেট অথবা মোবাইল SMS অথবা উভয় পদ্ধতিতে আবেদন করা যাবে।
- ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমের সময়সূচি, ভর্তি নির্দেশিকা, আবেদনের নিয়মাবলী এবং ফলাফল নির্ধারিত ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd এবং স্ব স্ব বোর্ডের ওয়েবসাইট থেকেও জানা যাবে।
- এই ভর্তি নির্দেশিকার যে কোনো ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন বা বাতিল করার অধিকার শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ইন্টারনেটে সর্বোচ্চ ১০টি মাদ্রাসায় আবেদনের জন্য **১৫০/- (একশত পঞ্চাশ টাকা)** আবেদন ফি প্রযোজ্য হবে। SMSএর মাধ্যমে আবেদনের ক্ষেত্রে প্রতি আবেদনের জন্য **১২০/- (একশত বিশ টাকা)** আবেদন ফি প্রযোজ্য হবে। ইন্টারনেটের মাধ্যমে আবেদনের জন্য টেলিটক/বিকাশ/শিওরক্যাশ/গ্রামীণফোন-এর মাধ্যমে **১৫০/- টাকা** প্রদান করতে হবে। SMS এ আবেদনের জন্য শুধুমাত্র টেলিটক মোবাইলের মাধ্যমে **১২০/- টাকা** প্রদান করতে হবে।
- ইন্টারনেট এবং SMS উভয় পদ্ধতি মিলে সর্বোচ্চ ১০টি প্রতিষ্ঠানে আবেদন করা যাবে তবে- একই প্রতিষ্ঠানের একাধিক শিফট/ভার্সন/গ্রুপে আবেদন করা যাবে। তবে SMS-এ সর্বোচ্চ ৫টি আবেদন করা যাবে। **উদাহরণস্বরূপঃ** কোন আবেদনকারী SMS-এ মাধ্যমে ১ম বার ৫ (পাঁচ) টি মাদ্রাসায় আবেদন করেছে; পরবর্তীতে সে প্রয়োজনে ইন্টারনেটের মাধ্যমে আরও ৫(পাঁচ) টি মাদ্রাসায় আবেদন করতে পারবে।
- ইন্টারনেটে/SMS আবেদনে শিক্ষার্থীর কোনো তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন/চূড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- প্রথমবার আবেদনের সময় (ইন্টারনেট/SMS উভয় ক্ষেত্রেই প্রযোজ্য) শিক্ষার্থীকে একটি মোবাইল নম্বর দিতে হবে, যেটি শিক্ষার্থীর **Contact Number** হিসেবে বিবেচিত হবে। **Contact Number** টি শিক্ষার্থীর জন্য অতীব গুরুত্বপূর্ণ কেননা পরবর্তীতে শিক্ষার্থীর সকল যোগাযোগ ও আবেদনের জন্য কিংবা ইন্টারনেট এর মাধ্যমে আবেদন সংশোধনের জন্য এই **Contact Number** টির প্রয়োজন হবে।
- প্রয়োজনীয় অর্থ পরিশোধ করার সময় শিক্ষার্থী যে Contact মোবাইল নম্বর প্রদান করেছেন সেটি সাবধানে পূরণ করতে হবে। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভর্তি সম্পকির্ত সকল তথ্য এই নম্বরে পাঠানো হবে। এই নম্বরের বায়োমেট্রিক নিবন্ধন সম্পন্ন হওয়া অত্যাবশ্যক। অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বরর প্রদান করতে হবে এবং তাঁর (যাঁর জাতীয় পরিচয়পত্র নম্বর প্রদান করছেন) সাথে শিক্ষার্থীর সম্পর্ক উল্লেখ করতে হবে । ভর্তির সময় পূরণকৃত জাতীয় পরিচয়পত্র নম্বর যাচাই করা হতে পারে এবং জাতীয় পরিচয়পত্র নম্বর (অভিভাবকের) পূরণ করা থাকলে ভর্তি প্রক্রিয়া সহজতর হবে।
- একাধিক শিক্ষার্থীর আবেদনে একই **Contact Number** ব্যবহার করা যাবে না অর্থাৎ ভিন্ন ভিন্ন শিক্ষার্থীর **Contact Number** ভিন্ন ভিন্ন হতে হবে। **Contact Number** টি পরিবর্তন করা যাবেনা, তাই এক্ষেত্রে যথেষ্ট সাবধানতা অবলম্বন করতে হবে যাতে এটি ভুল না হয়।
- শিক্ষার্থীদের আবেদনের (ইন্টারনেট/SMS) ক্ষেত্রে বিভিন্ন প্রতিষ্ঠানের Shift/ Version/Group অনুযায়ী পছন্দক্রম প্রযোজ্য হবে। SMS-এর মাধ্যমে আবেদনের ক্ষেত্রে SMS-এর তথ্য ইন্টারনেট পোর্টালে পৌছানো সময়ক্রম অনুযায়ী পছন্দক্রম নির্ধারিত হবে। ইন্টারনেটে আবেদনের ক্ষেত্রে শিক্ষার্থী তার পছন্দক্রম সরাসরি ইনপুট দিতে পারবে (অর্থাৎ এন্ট্রি করতে পারবে)।
- ফলাফল প্রদানের পূর্বে নির্ধারিত সময়ের মধ্যে (**১২ মে থেকে ৫ই জুন, ২০১৯**) ইন্টারনেটের মাধ্যমে **সর্বোচ্চ ৫(পাঁচ)** বার মাদ্রাসার পছন্দক্রম ও মাদ্রাসা পরিবর্তন করা যাবে। তবে এই সুবিধার আওতায় SMS-এর মাধ্যমেকৃত আবেদনসমূহের ক্ষেত্রে শুধুমাত্র পছন্দক্রম পরিবর্তন করা গেলেও, মাদ্রাসা পরিবর্তন করা যাবে না। শুধুমাত্র SMS-এর মাধ্যমে আবেদনকারীদের ক্ষেত্রে ইন্টারনেট পোর্টালে প্রবেশ করে তাদের SMS আবেদনক্রম দেখা ও পরিবর্তন করার সুযোগ থাকবে। SMS-এর মাধ্যমেকৃত আবেদনের পছন্দক্রম নির্বাচনে কারিগরি কারণে সমস্যা হতে পারে বিধায় উপরোক্ত সুবিধা ব্যবহার করার জন্য বিশেষভাবে বলা হবে। **একবার প্রাথমিক নিশ্চায়নের পর আর কোন পরিবর্তন করা যাবে না।**
- ৩ (তিন) টি পর্যায়ে ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে। একজন শিক্ষার্থীকে তার মেধা, কোটা ও পছন্দক্রমানুযায়ী একটি মাত্র মাদ্রাসার জন্য নির্বাচন করা হবে। নির্বাচিত শিক্ষার্থী নিজেই অন-লাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ **১৯৫/- টাকা** জমা দিয়ে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করবে এক জন শিক্ষার্থী সর্বোচ্চ ২(দুই) বার স্বয়ংক্রিয়ভাবেকৃত মাইগ্রেশনের জন্য বিবেচিত হবে। প্রযোজ্য ক্ষেত্রে, স্বয়ংক্রিয়ভাবেকৃত মাইগ্রেশন সর্বদাই শিক্ষার্থীর পছন্দক্রমানুসারে উপরের দিকে যাবে।

### ১। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচনঃ

১.১ ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালে দাখিল পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে সংশ্লিষ্ট নীতিমালার অন্যান্য বিধানাবলী পূরণ সাপেক্ষে মাদ্রাসায় একাদশ শ্রেণিতে ভর্তির জন্য যোগ্য বিবেচিত হবে।

**১.২ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ-এ গ্রুপ নির্বাচন করতে পারবে, যথা:**

**i) মাদ্রাসা বোর্ড হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে:**

(ক) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান, সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোনো একটি;

(খ) সাধারণ গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং মাদরাসা শিক্ষা বোর্ডের সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোনো একটি;

(গ) মুজাব্বিদ গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং মাদরাসা শিক্ষা বোর্ডের সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোনো একটি;

(ঘ) দাখিল (ভোক) গ্রুপ থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা মাদ্রাসা শিক্ষা বোর্ডের সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোন একটি।

## ২। ইন্টারনেট এ ভর্তির আবেদন দাখিলের জন্য করণীয়ঃ

**ইন্টারনেট-এ আবেদন করার ক্ষেত্রে নিচে প্রদত্ত ধাপসমূহ ২.১-২.৪ অনুসরণ করতে হবে।**

| ধাপসমূহ | ইন্টারনেট আবেদনের জন্য করণীয় |
|---|---|
| ২.১ আবেদনের ফি প্রদান পদ্ধতি | ইন্টারনেটে আবেদনের পূর্বে শিক্ষার্থীকে টেলিটক/বিকাশ/শিওরক্যাশ/গ্রামীণফোন এর মাধ্যমে নিম্নবর্ণিত (ক, খ এবং গ) ধাপসমূহ অনুসরণপুবর্ক আবেদন ফি প্রদান করতে হবে। প্রার্থীকে তার দাখিল পরীক্ষার বোর্ড রোল নম্বর এবং পাসের সন ব্যবহার করে ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) ফি প্রদান করতে হবে।<br><br>**ক) টেলিটকের মাধ্যমে ফি প্রদান পদ্ধতিঃ**<br><br>১. টেলিটকের প্রিপেইড মোবাইল ব্যবহার করতে হবে। মোবাইলের Message (Option)-এ গিয়ে নিম্নলিখিত নিয়মে আবেদন ফি প্রদান করতে হবেঃ CAD <space> WEB <space> Board <space> Roll <space> Year <space> লিখে 16222 নম্বরে Send করতে হবে।<br><br>উপরের Message-এ Board এর স্থলে শিক্ষার্থীর নিজের বোর্ডের প্রথম তিন অক্ষর/কোড (যেমন, ঢাকা বোর্ড হলে DHA; বাংলাদেশ উম্মুক্ত বিশ্ববিদালয় হলে BOU, ইত্যাদি), Roll এর স্থলে শিক্ষার্থীর দাখিল পরীক্ষার Roll No, Year এর স্থলে দাখিল পরীক্ষার Passing Year দিতে হবে।<br><br>উদাহরণঃ SMS-এর মাধ্যমে ফি প্রদান<br>CAD WEB MAD 104285 2019<br><br>ব্যাখ্যাঃ এখানে MAD-দাখিল পরীক্ষা পাসের বোর্ডের (Madrasah) নামের প্রথম তিন অক্ষর/কোড, 104285-আবেদকারীর দাখিল পরীক্ষার পাসের রোল নম্বর এবং 2019 দাখিল পরীক্ষা পাসের সন।<br><br>২. উপরে বর্ণিত SMS টি সফলভাবে সম্পন্ন হলে আবেদনকারীর নাম, শিক্ষা বোর্ড, পাসের সন এবং রোল নম্বরসহ ফিরতি SMS-এ আবেদন ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) কেটে নেওয়া হবে এবং তা জানিয়ে একটি PIN কোড প্রদান করা হবে। ফি প্রদানে সম্মত থাকলে Message অপশন (Option) এ যেয়ে CAD <space> YES <space> PIN <space> Contact Number লিখে 16222 নম্বরে Send করতে হবে। Contact Number টি অবশ্যই বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধনকৃত মোবাইল নম্বর হতে হবে। **একটি মোবাইল নম্বর শুধুমাত্র একজন আবেদনকারী প্রার্থীর জন্য ব্যবহার করা যাবে।** ফি সঠিকভাবে জমা হলে Contact Number টিতে অবশ্যই ফি নিশ্চিতকরণের একটি Transaction ID সহ SMS যাবে।<br><br>উদাহরণঃ ফি নিশ্চিতকরণ CAD YES 1268234 01********* এখানে 1268234- PIN এবং 01********* পুর্বে প্রদত্ত ১১ ডিজিটের Contact number।<br><br>**খ) শিওরক্যাশের মাধ্যমে ফি প্রদান পদ্ধতিঃ**<br>**শিওরক্যাশ USSD এর মাধ্যমে ফি প্রদান করার নিয়মঃ**<br>ধাপ-১: শিউরক্যাশ এর মেনু পেতে *495# ডায়াল করতে হবে।<br>ধাপ-২: Payment-অপশন নির্বাচন করতে হবে।<br>ধাপ-৩: Payee Account or Keyword: CAD লিখতে হবে।<br>ধাপ-৪: Student ID <বোর্ড কোড> < পাশের সন > < রোল নম্বর > ।<br>ধাপ-৫: Contact Mobile Number লিখতে হবে।<br>ধাপ-৬: Student এর নাম সহ Amount: Tk. 150 প্রদর্শিত হবে এবং মোবাইল একাউন্ট এর পিন নম্বর প্রদান করলে Payment সফল Massage সহ Successful Massage প্রদর্শিত হবে।<br><br>**শিওরক্যাশ অ্যাপ এর মাধ্যমে ফি প্রদান করার নিয়মঃ**<br>**শিওরক্যাশ এর অ্যাপ ডাউনলোড করুন-**<br>ধাপ-১: শিওরক্যাশ অ্যাপ এ লগ ইন করে Payment অপশন সিলেক্ট করুন<br>ধাপ-২: পরবর্তি ধাপে যেতে CAD লিখে Next অপশন সিলেক্ট করুন<br>ধাপ-৩: Student ID লিখতে হবে: <বোর্ড কোড><পাসের সন><বোর্ডের রোল নম্বর><br>ধাপ-৪: স্টুডেন্টের মোবাইল নাম্বার লিখতে হবে (মোবাইল স্ক্রিনে Student এর নাম সহ Amount: Tk. 150 প্রদর্শিত হবে)<br>ধাপ-৫: পরবর্তি/Next বাটন সিলেক্ট করুন<br>ধাপ-৬: পেমেন্ট নিশ্চিত করতে Confirmation বাটন সিলেক্ট করুন।<br>Payment সফল হলে Txn ID সহ Successful Message প্রদর্শিত হবে।<br><br>**গ) বিকাশের মাধ্যমে ফি প্রদান পদ্ধতিঃ**<br>**নীচের ধাপগুলো অনুসরণ করতে হবে:**<br>ধাপ-১: বিকাশ অ্যাপ মেন্যু থেকে পে বিল সিলেক্ট করুন।<br>ধাপ-২: বিলার তালিকা থেকে 'XI Class Admission' সিলেক্ট করুন।<br>ধাপ-৩: পেমেন্ট কোড দিন। এর পর কন্ট্যাক্ট নাম্বার দিন। পরের থাপে যেতে 'Arrow' বাটনটিতে ট্যাপ করুন।<br>পেমেন্ট কোড- <বোর্ড কোড> < পাশের সন > < রোল নম্বর > ।<br>ধাপ-৪: পেমেন্ট এর সার-সংক্ষেপ যাচাই করে পরবর্তী ধাপে যেতে 'Arrow' বাটনটিতে ট্যাপ করুন।<br>ধাপ-৫: পরবর্তী ধাপে যেতে পিন নাম্বার দিন।<br>ধাপ-৬: পে বিল সম্পন্ন করতে নিচের বাটনটি ট্যাপ করে ধরে রাখুন পে বিল সম্পন্ন হচ্ছে। একটু অপেক্ষা করুন<br>ধাপ-৭: পেমেন্ট কনফার্মেশন এর সার-সংক্ষেপ দেখে নিন। |

| ধাপসমূহ | ইন্টারনেটে আবেদনের জন্য করণীয় |
|---|---|
| ং | **ঘ) গ্রামীণফোনের মাধ্যমে ফি প্রদান পদ্ধতিঃ**<br>**নীচের ধাপগুলো অনুসরণ করতে হবে:**<br>ধাপ-১: আবদনকারী গ্রামীণফোন অনুমোদিত নিকটবর্তী বিলপে এজেন্ট পয়েন্ট এ আসবে।<br>ধাপ-২: এজেন্ট তার মোবাইল থেকে *777# ডায়াল করবে।<br>ধাপ-৩: USSD তালিকা থেকে Bill Pay অপসনটি সিলেক্ট করবে।<br>ধাপ-৪: তালিকা থেকে Pay with details অপসনটি সিলেক্ট করবে।<br>ধাপ-৫: তালিকা থেকে Education অপসনটি সিলেক্ট করবে।<br>ধাপ-৬: তালিকা থেকে HSC College Admission অপসনটি সিলেক্ট করবে।<br>ধাপ-৭: তালিকা থেকে নির্ধারিত বোর্ড সিলেক্ট করবে।<br>ধাপ-৮: তালিকা থেকে নির্ধারিত পাশের সাল সিলেক্ট করবে।<br>ধাপ-৯: রোল নম্বর লিখতে হবে।<br>ধাপ-১০: আবেদনকারীর কন্টাক্ট মোবাইল নম্বর লিখতে হবে।<br>ধাপ-১১: তথ্য যাচাই করে পিন প্রদান করে নিশ্চিত করতে হবে।<br>ধাপ-১২: নিশ্চিতকরণের SMS এর জন্য অপেক্ষা করতে হবে।<br>ধাপ-১৩: সর্বশেষে নিশ্চিতকরণ SMS চেক করার মাধ্যমে পদ্ধতিটি শেষ করতে হবে।<br><br>*** বোর্ডের নামের প্রথম তিন অক্ষর/কোড:**<br>Dhaka Board-এর জন্য DHA, Comilla Board এর জন্য COM, Rajshahi Board-এর জন্য RAJ, Jessore Board-এর জন্য JES, Chittagong Board-এর জন্য CHI, Barishal Board এর জন্য BAR, Sylhet Board-এর জন্য SYL, Dinajpur Board-এর জন্য DIN, Mymensingh Board এর জন্য MYM, **Madrasah Board-এর জন্য MAD** এবং Bangladesh Open University-এর জন্য BOU।<br>**এখানে উল্লেখ্য যে, ১২ মে হতে ২৩ মে, ২০১৯ রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত ইন্টারনেট-এ আবেদন করা যাবে।** |
| **২.২ ইন্টারনেটে আবেদন পদ্ধতি** | (ক) নিম্নলিখিত নিয়মে আবেদন Submit করতে হবে।<br>১. টেলিটক/বিকাশ/শিওরক্যাশ/গ্রামীণফোন এর আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) জমা দেয়ার পর আবেদনকারীকে নির্ধারিত website-এ (www.xiclassadmission.gov.bd) যেয়ে "Apply Online" Button-এ ক্লিক করতে হবে; এরপর প্রদর্শিত তথ্য ছকে দাখিল পরীক্ষার রোল নম্বর, বোর্ড, পাসের সন ও রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীর দেয়া তথ্য সঠিক হলে তিনি তার ব্যক্তিগত তথ্য ও দাখিল পরীক্ষায় প্রাপ্ত GPA দেখতে পাবেন।<br>২. এরপর শিক্ষার্থীর Contact Number (ফি প্রদানের সময় প্রদত্ত মোবাইল নম্বর) এবং প্রযোজ্য ক্ষেত্রে কোটা (ধাপ ২.৩ অনুযায়ী) দিতে হবে।<br>৩. অতঃপর তাঁকে ভর্তিচ্ছু শিক্ষা প্রতিষ্ঠান, গ্রুপ, শিফট এবং ভার্সন Select করতে হবে। এভাবে শিক্ষার্থী সর্বোচ্চ ১০টি (ইন্টারনেট এবং SMS উভয় পদ্ধতি মিলে) সর্বমোট মাদ্রাসা Select করতে পারবে। এই ফরমে আবেদনকারী তাঁর সকল আবেদনের পছন্দক্রমও নির্ধারণ করতে পারবে।<br>৪. এরপর আবেদনকারী "Preview Application" Button-এ ক্লিক করলে তার আবেদনকৃত মাদ্রাসাসমূহের তথ্য ও পছন্দক্রম দেখতে পারবেন। তবে এসএমএস ৫টির বেশী করতে পারবে না।<br>৫. Preview-এ দেখানো তথ্যসমূহ সঠিক থাকলে আবেদনকারী "Submit" Button-এ ক্লিক করবেন।<br>৬. আবেদনটি সফলভাবে Submit করা হলে আবেদনকারী তাঁর প্রদত্ত Contact Number-এর মোবাইলে একটি নিশ্চিতকরণ SMS পাবেন এবং **যাতে একটি সিকিউরিটি কোড (Security Code) থাকবে। এই Security Code টি গোপনীয়তা ও সতর্কতার সাথে সংরক্ষণ করতে হবে,** যা পরবর্তীতে আবেদন সংশোধন ও ভর্তি সংক্রান্ত কাজে ব্যবহার করতে হবে।<br>৭. আবেদনকারী চাইলে তাঁর আবেদনসমূহের তথ্যাদিসহ উক্ত ফরমটি Download করে প্রিন্ট (Print) নিতে পারবেন।<br>(খ) উপরের নির্দেশনা অনুযায়ী দাখিল পরীক্ষার রোল নম্বর, বোর্ড, পাসের সন ও রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে এন্ট্রি দেয়ার পরও শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য ও দাখিল পরীক্ষার GPA দেখতে না পেলে, তাঁকে আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) জমা দেয়ার Transaction ID টি এন্ট্রি দিতে হবে এবং ফি প্রদানের জন্য তিনি যেই অপারেটর (অর্থাৎ টেলিটক/বিকাশ/শিওরক্যাশ/গ্রামীণফোন) ব্যবহার করেছে তাকে Select করতে হবে। পরবর্তীতে ৩০ মিনিট পর ইন্টারনেটে আবেদন করার জন্য পূর্বে উল্লেখিত পদ্ধতিতে অনুসরণ করতে হবে। |
| **২.৩ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে)** | (ক) বিভিন্ন কোটায় ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থী তথ্য-ছকের নির্দিষ্ট স্থানে তাঁর জন্য প্রযোজ্য কোটা Select করবেন। কোটায় আবেদনের ক্ষেত্রে **যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে** এবং পরবর্তীতে মাদ্রাসা কর্তৃক যাচাইকরণ হবে বিধায় কোটার অপশন (Option) দেয়ার ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। একজন প্রার্থী একাধিক কোটার যোগ্য হলে- তিনি সেই অনুযায়ী একাধিক অপশন দিতে পারবেন। কোটাসমূহ হল- মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য কোটা (FQ), শিক্ষা মন্ত্রণালয়ের অধঃস্তন দপ্তরসমূহ এবং উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী এবং স্ব স্ব প্রতিষ্ঠানের গভর্নিং বডির সদস্যদের সন্তানদের কোটা (EQ), বিশেষ কোটা (SQ) এবং প্রবাসীদের সন্তানদের (পিতা/মাতা বিদেশে কর্মরত) কোটা (PQ)। উল্লেখ্য যে, বিকেএসপি, বিভাগীয় ও জেলা কোটার ক্ষেত্রে শিক্ষার্থী স্বয়ংক্রিয়ভাবে বিবেচিত হবেন এবং এজন্যে শিক্ষার্থীকে কোন ইনপুট দিতে হবে না।<br><br>(খ) যে সকল প্রতিষ্ঠানে বিশেষ কোটা (SQ) অনুমোদিত আছে- সে সকল প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সন্তানগণ এই বিশেষ কোটার জন্য আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, বিশেষ কোটায় আবেদনকারী শিক্ষার্থীকে, আবেদন চলাকালীন সময়ের মধ্যে (২৩ মে ২০১৯) ঐ কোটার স্বপক্ষে প্রামান্য কাগজপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে দাখিল করতে হবে। এই সময়ের মধ্যে মাদ্রাসাসমূহ ইন্টারনেটে বিশেষ কোটা আবেদনকারীদের আবেদন নিশ্চিত করবেন। |
| **২.৪ পছন্দক্রম পরিবর্তন** | একজন আবেদনকারী সর্বোচ্চ ৫(পাঁচ) বার ইন্টারনেটে ঢুকে মাদ্রাসা পছন্দক্রম পরিবর্তন করতে পারবে। তবে এই সুবিধার আওতায় SMS-এর মাধ্যমে করা আবেদনসমূহের ক্ষেত্রে শুধুমাত্র পছন্দক্রম পরিবর্তন করা গেলেও মাদ্রাসা পরিবর্তন করা যাবে না। |

৩। **SMS-এর মাধ্যমে আবেদনের জন্য করণীয়ঃ**

**SMS-এর মাধ্যমে আবেদনের জন্য নিচের ধাপ ৩.১ অনুসরণ করতে হবে।**

**৩.১ SMS-এর মাধ্যমে আবেদন**

শুধুমাত্র টেলিটকের মোবাইল সিম (প্রি-পেইড) ব্যবহার করে SMS-এর মাধ্যমে প্রার্থীরা আবেদন করতে পারবে।

১. **মোবাইলের মেসেজ অপশন (Message Option) এ গিয়ে নিচের পদ্ধতিতে SMS পাঠাতে হবে।**

**কোটা প্রযোজ্য না হলে :**

CAD<space> ভর্তিচ্ছু মাদ্রাসার EIIN <space> ভর্তিচ্ছু গ্রুপের দুই অক্ষরের Code <space> দাখিল পরীক্ষা পাসের বোর্ডের নামের প্রথম তিন অক্ষর/কোড <space> দাখিল পরীক্ষা পাসের রোল নম্বর <space> দাখিল পরীক্ষা পাসের সন (চার অংকের সংখ্যা) <space> দাখিল পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর <space> ভর্তিচ্ছু শিফটের এক অক্ষরের Code (শিফট না থাকলে N দিতে হবে) <space> ভর্তিচ্ছু ভার্সনের এক অক্ষরের Code লিখে 16222 নম্বরে Send করতে হবে।

**কোটা প্রযোজ্য হলে :**

CAD<space> ভর্তিচ্ছু মাদ্রাসার EIIN <space> ভর্তিচ্ছু গ্রুপের দুই অক্ষরের Code <space> দাখিল পরীক্ষা পাসের বোর্ডের নামের প্রথম তিন অক্ষর/কোড <space> দাখিল পরীক্ষা পাসের রোল নম্বর <space> দাখিল পরীক্ষা পাসের সন (চার অংকের সংখ্যা) <space> দাখিল পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর <space> ভর্তিচ্ছু শিফটের এক অক্ষরের Code (শিফট না থাকলে N দিতে হবে) <space> ভর্তিচ্ছু ভার্সনের এক অক্ষরের Code <space> কোটার জন্য দুই অক্ষরের Code লিখে 16222 নম্বরে Send করতে হবে।

কোনো আবেদনকারীর একাধিক কোটায় আবেদন করার যোগ্যতা থাকলে কমা (,) দিয়ে একাধিক কোটা উল্লেখ করতে হবে। যেমন - কোনো শিক্ষার্থী মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য কোটা এবং বিশেষ কোটা- এই দুই কোটাতেই আবেদনের যোগ্য হলে- তাকে কোটার জন্য FQ, SQ লিখতে হবে।

২. উপরে বর্ণিত SMS টি সফলভাবে সম্পন্ন হলে- আবেদনকারীর নাম, মাদ্রাসার EIIN ও নাম, গ্রুপের নাম এবং শিফটসহ ফিরতি SMS এ ফি বাবদ ১২০/- (একশত বিশ টাকা মাত্র) কেটে নেয়া হবে তা জানিয়ে একটি PIN প্রদান করা হবে। এতে সম্মত থাকলে Message অপশনে গিয়ে CAD <space> YES <space> PIN <space> Contact number লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে। **Contact Number টি অবশ্যই বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধনকৃত একটি মোবাইল নম্বর হতে হবে। একটি Contact Number শুধুমাত্র একজন আবেদনকারী প্রার্থীর জন্য ব্যবহার করা যাবে এবং সেই Contact Number টিই একজন প্রার্থীর সকল আবেদনের জন্য ব্যবহার করতে হবে।** ফি সঠিকভাবে জমা হলে Contact Number এ ফি নিশ্চিতকরণের একটি Transaction ID সহ SMS যাবে।

৩. আবেদনকারীর ১ম সফল SMS আবেদনের পর ইন্টারনেটে আবেদন পোর্টালে পছন্দক্রম পরিবর্তনে সুযোগের জন্য একটি Security Code পাবেন। এই Security Code টি গোপনীয়তা ও সতর্কতার সাথে সংরক্ষণ করতে হবে, যা পরবর্তীতে আবেদন সংশোধন ও ভর্তি সংক্রান্ত কাজে ব্যবহার করতে হবে।

* **পছন্দক্রম নির্ধারণ ও পরিবর্তন:**

SMS-এর মাধ্যমে উপরে বর্ণিত পদ্ধতিতে একাধিক শিক্ষা প্রতিষ্ঠান/ গ্রুপে আবেদনের SMS পাঠানোর সময় অনুযায়ী পছন্দক্রম নির্ধারিত হবে। অর্থাৎ এক জন শিক্ষার্থীর সবর্প্রথম পৌছানো SMS-এর মাধ্যমে আবেদন তাঁর প্রথম পছন্দ হিসাবে, দ্বিতীয় বার পৌছানো SMS-এর মাধ্যমে আবেদন তাঁর দ্বিতীয় পছন্দ হিসাবে বিবেচিত হবে। একই ভাবে পরবর্তী আবেদনগুলোর ক্রম নির্ধারিত হবে। ইন্টারনেট ও SMS উভয় পদ্ধতিতে আবেদনের ক্ষেত্রে, ইন্টারনেট পোর্টালে উভয় আবেদনের সময় অনুযায়ী আবেদনের পছন্দক্রম নির্ধারিত হবে। তবে SMS-এর মাধ্যমে আবেদনকৃত শিক্ষা প্রতিষ্ঠান ও গ্রুপের তথ্য ইন্টারনেটের আবেদনও প্রদর্শিত হবে। একজন আবেদনকারী ফলাফল প্রক্রিয়াকরণ এবং প্রাথমিক নিশ্চায়নের পূবে র্নির্ধারিত সময়ের মধ্যে সর্বোচ্চ ৫(পাঁচ) বার ইন্টারনেটে ঢুকে মাদ্রাসা পছন্দক্রম এবং মাদ্রাসা পরিবর্তন করতে পারবে। **তবে এই সুবিধার আওতায় SMS-এর মাধ্যমে করা আবেদনসমূহের ক্ষেত্রে পছন্দক্রম পরিবর্তন করা গেলেও, মাদ্রাসা পরিবর্তন করা যাবে না। একবার প্রাথমিক নিশ্চায়নের পর এইরূপ আর কোনো পরিবর্তন করা যাবে না।** শুধুমাত্র SMS-এ আবেদনকারীদের মধ্যে ৩.১.৩ এ প্রাপ্ত Security Code ব্যবহার করে ইন্টারনেটে আবেদন পোর্টালে ঢুকে পছন্দক্রম পরিবর্তন করতে পারবেন।

* **বোর্ডের নামের প্রথম তিন অক্ষর/কোড:**

Dhaka Board এর জন্য DHA, Comilla Board এর জন্য COM, Rajshahi Board এর জন্য RAJ, Jessore Board এর জন্য JES, Chittagong Board এর জন্য CHI, Barishal Board এর জন্য BAR, Sylhet Board এর জন্য SYL, Dinajpur Board এর জন্য DIN, Mymensingh Board এর জন্য MYM, **Madrasah Board এর জন্য MAD** এবং Bangladesh Open University এর জন্য BOU।

* **ভর্তিচ্ছুক গ্রুপের Code:**

**ক) সাধারণ শিক্ষা বোর্ড:**

Science এর জন্য SC, Humanities এর জন্য HU, Business Studies এর জন্য BS, Home Science এর জন্য HS এবং Islamic Studies এর জন্য IS এবং Music এর জন্য MC লিখতে হবে।

**খ) মাদ্রাসা শিক্ষা বোর্ড:**

Science এর জন্য **SC**, General এর জন্য **GE** এবং Muzabbid এর জন্য **MU** লিখতে হবে।

* **শিফটের Code:**

Morning এর জন্য M, Day এর জন্য D, Evening এর জন্য E এবং আবেদনকৃত মাদ্রাসায় যদি কোন শিফট না থাকে তবে শিফটের স্থানে N লিখতে হবে।

* **ভার্সনের Code:**
  Bangla ভার্সনের জন্য B, English ভার্সনের জন্য E লিখতে হবে।

* **কোটার Code:**
  মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের কোটার জন্য FQ, শিক্ষা মন্ত্রণালয়-এর অধ:স্থন দপ্তরসমূহ এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং স্ব স্ব প্রতিষ্ঠানের গভর্ণিং বডির সদস্যদের সন্তানদের কোটার জন্য EQ, বিশেষ কোটার জন্য SQ এবং প্রবাসীদের সন্তানদের (পিতা/মাতা বিদেশে কর্মরত) কোটার জন্য PQ লিখতে হবে। উল্লেখ্য যে, বিকেএসপি, বিভাগীয় ও জেলা কোটার ক্ষেত্রে শিক্ষার্থীর স্বয়ংক্রিয়ভাবে বিবেচিত হবেন এবং এ জন্য শিক্ষার্থীকে কোন ইনপুট দিতে হবে না।

**এখানে উল্লেখ্য যে,**

* ২৩ মে ২০১৯ তারিখ রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত আবেদন করা যাবে।

  SMS-এর মাধ্যমে একজন আবেদনকারী একাধিক প্রতিষ্ঠানে (অনধিক-১০টি)/একই প্রতিষ্ঠানের একাধিক গ্রুপ অথবা একাধিক শিফটে আলাদাভাবে আবেদন করতে পারবে। তবে প্রতি ক্ষেত্রেই ফি বাবদ ১২০/- (একশত বিশ টাকা) প্রদান করতে হবে। তবে সর্বোচ্চ ৫টি আবেদন SMS-এর মাধ্যমে করা যাবে।
* একজন প্রার্থী ইন্টারনেট ও SMS উভয় পদ্ধতি মিলে সর্বোচ্চ ১০টি মাদ্রাসায় আবেদন করতে পারবে।
* একই Contact mobile number ব্যবহার করে একাধিক শিক্ষার্থী আবেদন করতে পারবে না। একই শিক্ষার্থীর একাধিক আবেদনে একই Contact mobile number ব্যবহার করতে হবে।

## ৪। আবেদন যাচাই-বাছাই ও আপত্তি নিষ্পত্তিকরণঃ

ভর্তির জন্য আবেদনের ক্ষেত্রে কোনো ভুল তথ্য দেয়া হয়ে থাকলে বা ভুয়া আবেদন করা হয়ে থাকলে ২৬-০৫-২০১৯ তারিখের মধ্যে শিক্ষা বোর্ডকে অবহিত করলে কর্তৃপক্ষ নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করবে:

* আপত্তি নিষ্পত্তিকরণ সাপেক্ষে আবেদন সংশোধন।
* ভুয়া (Fake) আবেদন বাতিল/সংশোধন।

## ৫। পুনঃনিরীক্ষণের জন্য আবেদনকারীদের প্রতি নির্দেশনাঃ

যে সমস্ত শিক্ষার্থী পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করেছেন, তাদেরকেও ১২ মে থেকে ২৩ মে ২০১৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের চাহিদাকৃত ন্যূনতম GPA ও অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে অবশ্যই ভর্তির জন্য আবেদন করতে হবে। কোন শিক্ষার্থীর ফল পরিবর্তিত হওয়ার কারণে, পূর্বে আবেদনকৃত প্রতিষ্ঠান ছাড়া অন্য কোন প্রতিষ্ঠানে আবেদনের ন্যূনতম GPA এর শর্তপূরণ হলে- ঐ সকল নতুন শিক্ষা প্রতিষ্ঠানে ০৩ জুন ২০১৯ থেকে ০৪ জুন ২০১৯ তারিখ রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত আবেদন করতে পারবে, পূর্বের পছন্দের মাদ্রাসা বাতিল করতে পারবে এবং পছন্দক্রমও পরিবর্তন করতে পারবে। তবে এই সুবিধার আওতায় SMS-এর মাধ্যমে করা আবেদনসমূহের ক্ষেত্রে পছন্দক্রম পরিবর্তন করা গেলেও, মাদ্রাসা পরিবর্তন করা যাবে না।

## ৬। মেধামান নির্ধারণঃ

৬.১ একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০১৯ অনুসরণপূর্বক ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ ও মেধামান নির্ণয় করা হবে। আবেদনকারীদের বিভিন্ন মাদ্রাসায় আবেদন ঐ প্রতিষ্ঠানের নির্দিষ্ট গ্রুপ/শিফট/ ভার্সন, আসন সংখ্যা, পছন্দক্রম এর ভিত্তিতে এবং নিম্নবর্ণিত (ধারা-৬.২) নিয়মানুযায়ী মেধামান নির্ধারণপূর্বক একজন আবেদনকারী শিক্ষার্থীকে শুধুমাত্র একটি শিক্ষাপ্রতিষ্ঠানে নির্বাচিত করা হবে।

৬.২ (ক) দাখিল পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-র ভিত্তিতে শিক্ষার্থীদের মেধাক্রম নির্ধারণ করা হবে।

(খ) সমান জিপিএ প্রাপ্তদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা বোর্ড ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এর ক্ষেত্রে প্রাপ্ত নম্বর সমতুল্য করে হিসাব করা হবে। তাছাড়া বিভিন্ন সালের গ্রেড পয়েন্ট ও প্রাপ্ত নম্বর সমতুল্য করে হিসাব করতে হবে।

(গ) বিজ্ঞান গ্রুপে ভর্তির ক্ষেত্রে সমান মোট নম্বর প্রাপ্তদের মেধাক্রম নির্ধারণের জন্য পর্যায়ক্রমে সাধারণ গণিত ও উচ্চতর গণিত/ জীববিজ্ঞানে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনা হবে।

(ঘ) বিজ্ঞান গ্রুপে ভর্তির ক্ষেত্রে উপরের ক, খ এবং গ -এর বিধান সত্ত্বেও যদি প্রার্থী বাছাইকল্পে উদ্ভূত জটিলতা নিরসন না হয়, তবে পর্যায়ক্রমে ইংরেজি, পদার্থ বিজ্ঞান ও রসায়নে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনা হবে।

(ঙ) মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের ক্ষেত্রে সমান মোট নম্বর প্রাপ্তদের মেধাক্রম নিষ্পত্তির লক্ষ্যে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনা হবে।

(চ) এক গ্রুপের প্রার্থী অন্য গ্রুপে ভর্তির ক্ষেত্রে জিপিএ একই হলে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থী বাছাইকল্পে উদ্ভূত জটিলতা নিরসন না হলে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনা হবে।

## ৭। ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ, প্রকাশ এবং মাইগ্রেশনঃ

মোট ৩ (তিন) টি পর্যায়ে ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে। প্রাথমিক নিশ্চায়ন সাপেক্ষে সর্বোচ্চ ২(দুই) বার স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশন প্রক্রিয়া চালনা করা হবে অর্থাৎ প্রাথমিক নিশ্চায়নের পরও সর্বোচ্চ ২(দুই) বার একজন শিক্ষার্থীর মাদ্রাসা নির্বাচন পরিবর্তন হতে পারে। প্রতি পর্যায়ে পছন্দক্রমানুযায়ী অটোমাইগ্রেশন হবে এবং মাইগ্রেশন সর্বদাই পছন্দক্রমানুসারে উপরের দিকে যাবে।

* একজন শিক্ষার্থী তার আবেদনের সময় দেয়া মাদ্রাসা পছন্দক্রম ও দাখিল পরীক্ষার ফলাফল, কোটা ইত্যাদির ভিত্তিতে শুধুমাত্র ১টি মাদ্রাসাই সিলেকশন পাবে।
* নির্বাচিত শিক্ষার্থী নিজেই অনলাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৯৫/- টাকা জমা দিয়ে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করবেন। উল্লেখ্য যে, প্রত্যেক নির্বাচিত শিক্ষার্থীকে অবশ্যই ১৯৫/- টাকা জমা দিয়ে ভর্তি নিশ্চায়ন করতে হবে। অন্যথায় শিক্ষার্থীর মনোনয়ন ও আবেদন বাতিল হবে। এমন শিক্ষার্থী ইচ্ছা করলে পরবর্তী পর্যায়ের জন্য আবেদন ফি জমা দিয়ে নতুন আবেদন করতে পারবে।
* যে সকল শিক্ষার্থী আবেদনকৃত কোন মাদ্রাসাই সিলেকশন পাবে না তারা পুনরায় আবেদন ফি ব্যতীত এবং যারা ইতিপূর্বে কোন মাদ্রাসাই আবেদন করে নাই তারা আবেদন ফি জমা সাপেক্ষে আবেদন করতে পারবে।
* ফলাফল প্রক্রিয়াকরণের পর নির্দিষ্ট তারিখে শিক্ষার্থীদের SMS-এর মাধ্যমে ফলাফল জানানো হবে এবং একই সাথে SMS-এ একটি গোপনীয় Security Code প্রদান করা হবে। এই Security Code টি চূড়ান্ত ভর্তি নিশ্চায়নের জন্য সংরক্ষণ করতে হবে। তাছাড়াও শিক্ষার্থীরা ভর্তির ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd থেকে ভর্তির বিস্তারিত ফলাফল জানতে পারবে।

## ৮। মাদ্রাসায় ভর্তিঃ

নির্ধারিত তারিখে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা ভর্তি ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd দেয়া হবে এবং সংশ্লিষ্ট মাদ্রাসা কর্তৃপক্ষ ডাউনলোড করে তা নোটিশ বোর্ডে প্রদর্শন করবেন। অতঃপর ভর্তির জন্য নির্ধারিত তারিখে শিক্ষার্থী মাদ্রাসায় উপস্থিত হয়ে প্রয়োজনীয় কাগজপত্র ও অনুমোদিত ফি জমা দিয়ে ভর্তি হবে এবং মাদ্রাসা শিক্ষার্থীর Security Code ব্যবহার করে ভর্তির চূড়ান্ত নিশ্চায়ন করবে।

৯। **আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরুর সময়সূচিঃ**

**২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করতে হবেঃ**

| ক্রমিক নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৯.১ | ভর্তির অন-লাইন ও SMS আবেদন গ্রহণ (যারা পুনঃ নিরীক্ষণের আবেদন করবে তাদের এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) | ১২/০৫/২০১৯ থেকে ২৩/০৫/২০১৯ |
| ৯.২ | আবেদন যাচাই, বাছাই ও আপত্তি নিষ্পত্তি | ২৪/০৫/২০১৯ থেকে ২৬/০৫/২০১৯ |
| ৯.৩ | শুধুমাত্র পুনঃনিরীক্ষনেফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহন | ০৩/০৬/২০১৯ থেকে ০৪/০৬/২০১৯ |
| ৯.৪ | পছন্দক্রম পরিবর্তনের সময় | আবেদনের তারিখ থেকে ০৫/০৬/২০১৯ |
| ৯.৫ | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ১০/০৬/২০১৯ |
| ৯.৬ | শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে) | ১১/০৬/২০১৯ থেকে ১৮/০৬/২০১৯ |
| ৯.৭ | ২য় পর্যায়ের আবেদন গ্রহন | ১৯/০৬/২০১৯ থেকে ২০/০৬/২০১৯ (রাত ৮:০০ পর্যন্ত) |
| ৯.৮ | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ | ২১/০৬/২০১৯ (রাত ৮:০০ টায়) |
| ৯.৯ | ২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ২১/০৬/২০১৯ (রাত ৮:০০ টার পর) |
| ৯.১০ | ২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে) | ২২/০৬/২০১৯ থেকে ২৩/০৬/২০১৯ |
| ৯.১১ | ৩য় পর্যায়ের আবেদন গ্রহন | ২৪/০৬/২০১৯ (রাত ৮:০০ টায়) |
| ৯.১২ | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ২৫/০৬/২০১৯ (রাত ৮:০০ টার পর) |
| ৯.১৩ | ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ২৫/০৬/২০১৯ (রাত ৮:০০ টার পর) |
| ৯.১৪ | ৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে) | ২৬/০৬/২০১৯ |
| ৯.১৫ | ভর্তি | ২৭/০৬/২০১৯ থেকে ৩০/০৬/২০১৯ |
| ৯.১৬ | ক্লাস শুরু | ১লা জুলাই, ২০১৯ |

১০। **শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন:**

(ক) সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পূর্বানুমতি ছাড়া একাদশ শ্রেণিতে ভর্তিকৃত কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করা যাবে না। কিংবা বোর্ডের পূর্বানুমতি ছাড়া শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ছাড়পত্রের বরাতে ভর্তি করা যাবে না।

(খ) কোন শিক্ষা প্রতিষ্ঠান কোন অবস্থাতেই সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে দাখিল বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট উক্ত শিক্ষার্থী বা তার অভিভাবক ব্যতীত অন্য কোন ব্যক্তি শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করতে পারবে না বা অন্য কোন অজুহাতে কোন শিক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট আটক রাখা যাবে না।

১১। **অনুমতি বা স্বীকৃতিবিহীন প্রতিষ্ঠানে ভর্তি নিষিদ্ধ:**

(ক) পাঠদান প্রাথমিক অনুমতিবিহীন কোন প্রতিষ্ঠানে কোন অবস্থাতেই ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না

(খ) পাঠদান প্রাথমিক অনুমতিপ্রাপ্ত অথবা স্বীকৃতিপ্রাপ্ত কোন প্রতিষ্ঠানে অননুমোদিত শাখা এবং অননুমোদিত কোন বিষয়ে ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।

১২। **নীতিমালার প্রবর্তন ও প্রয়োগ:**

(ক) দেশের সকল সরকারি ও বেসরকারি আলিম মাদ্রাসায় ২০১৯-২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ছাত্র/ছাত্রী ভর্তির ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে;

(খ) শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে এই নীতিমালার কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে পাঠদান অনুমতি বা স্বীকৃতি বাতিলসহ মাদ্রাসাটির এম.পি.ও ভুক্তি বাতিল করা হবে এবং সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

**** যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ভর্তি নির্দেশিকাটি প্রকাশ করা হলো।**

১৫.০৫.১৯

(মো: সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮।

**Help Line No:**
**01757291281, 01757291282, 01757291283**

স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৬.৩৩.০০১.১৯-১৪৫১

তারিখঃ ১৫/০৫/২০১৯ খ্রিঃ

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা ।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক/মাদ্রাসা পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা ।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (চলতি দায়িত্ব), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা ।
৫। হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা ।
৬। জনাব আমির উদ্দিন, প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৭। অধ্যক্ষ, সকল আলিম মাদ্রাসা।
৮। সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
৯। Help Line **এর সকল সদস্য।**
১০। পি.ও.টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা ।
১১। অফিস নথি।

১৫.৫.১৯

(তৈয়ব হোসেন সরকার)
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা ।
ফোনঃ ৯৬৭৫৪০৩